

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ৪৯তম প্রতিষ্ঠা দিবস আজ

দিনব্যাপী নানা কর্মসূচি

**আজটিল করিম খোকন/বদরুল হাদ্দান
রিচায়, ময়মনসিংহ জেলা**

আজ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ৪৯তম প্রতিষ্ঠা দিবস। ১৯৬১ সালে প্রতিষ্ঠা লাভের পর দক্ষিণ এশিয়ার উচ্চতর কৃষি শিক্ষায় অন্যতম বিদ্যাপীঠ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় গৌরবোজ্বল ৪৮ বছর পার করে আজ উদযাপন করছে। আজ ৪৯তম প্রতিষ্ঠা দিবস। এ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ে দিনব্যাপী নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। আজ সকাল ১১টার মুক্তিযুদ্ধ স্মৃতিস্তম্ভের সামনে থেকে বর্ণাঢ্য র্যালির মাধ্যমে দিবসের কার্যক্রম শুরু হবে। এতে প্রধান অতিথি থাকবেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী ক্যাপ্টেন (অব.) ডাঃ মজিবুর রহমান চকির। বিশেষ অতিথি থাকবেন ময়মনসিংহ-৪ আসনের সাংসদ অধ্যক্ষ মতিউর রহমান, টাঙ্গাইল-৮ আসনের সাংসদ কৃষিবিদ পওকত মোহাম্মদ শাহজাহান, ময়মনসিংহ সদর উপজেলার চেয়ারম্যান তরজুর রহমান চকির, কিশোরগঞ্জের তৈরব উপজেলার চেয়ারম্যান কৃষিবিদ মোতাক আবেদন কুলকুল, শেরপুরের নালিতাবাড়ি উপজেলার চেয়ারম্যান কৃষিবিদ কনিষ্ঠজামান বাকশা ও হুগুনের বদরগঞ্জ উপজেলার চেয়ারম্যান কৃষিবিদ বিদ্যনাথ সরকার বিটু। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এমএ সাতার মওল। দিবসের অন্যান্য কর্মসূচির মধ্যে রয়েছে বিনামূল্যে রক্তের গ্রুপ নির্ণয়, সুক্ষসোপণ, তিচার প্রদর্শনী, সেমিনার, কৃষি যুগ্মশক্তি প্রদর্শনী, মাছের পোনা অবমুক্তকরণ ও বিশ্ববিদ্যালয়ের মসজিদ ও উপাসনালয়ে বিশ্ববিদ্যালয়ের সমৃদ্ধি কামনা করে মোনাজাত। ময়মনসিংহ পহর থেকে ৪ কিলোমিটার দক্ষিণে পুরনো ব্রহ্মপুত্র নদের পশ্চিম প্রান্তে চিরসবুজে ঘেরা নয়নাভিরাম পরিবেশে ৪৮৫ হেক্টর পরিমিত এলাকা নিয়ে গড়ে উঠেছে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস। এখানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষ্ঠানীয় ভবন, প্রশাসন ভবন ও আবাসিক ভবন ছাড়াও একতলা গবেষণা খামার, উদ্যান ও সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা বর্তমান। এছাড়া

আজ : পৃষ্ঠা ২ : কলার ৮

আজ : কৃষি

(৫য় পৃষ্ঠার পর) ক্যাম্পাসে অবস্থিত দুটি গুরুত্বপূর্ণ গবেষণা প্রতিষ্ঠান বাংলাদেশ পশুপাল কৃষি গবেষণা ইনস্টিটিউট এবং বাংলাদেশ বন্য গবেষণা ইনস্টিটিউটে সিদ্যানান সুবিধাদি বিশ্ববিদ্যালয়ের গবেষণা কার্যক্রম পরিচালনায় ব্যবহৃত হয়ে থাকে।

বিশ্ববিদ্যালয় স্নাতক পর্যায়ে ডিগ্রি এম. বিএসসিএসি (অনার্স), বিএসসিএইচ (অনার্স), বিএসসি এগ্রি ইকন (অনার্স), বিএসসি এগ্রি ইঞ্জি, বিএসসি মুত ইঞ্জি এবং বিএসসি ডিপার্লিম (অনার্স) ডিগ্রি প্রদান করে থাকে। স্নাতকোত্তর পর্যায়ে মোট ৪২টি শিক্স বিভাগে একতরফা তিন সেমিস্টারে বিনামূল্যে কোর্স-ক্রেডিট ও গবেষণাভিত্তিক এমএস ডিগ্রি কার্যক্রম পরিচালনা করে। এছাড়া ডক্টরেট কার্যক্রম পূর্বকাশীন তিন বছর মেয়াদি। বর্তমানে বিশ্ববিদ্যালয়ের ৩৫টি বিভাগ থেকে ৩৯টি বিষয়ে পিএইচডি ডিগ্রি প্রদান করা হচ্ছে। এ দাবি বিশ্ববিদ্যালয় থেকে ২২ হাজার ৫৯ জন স্নাতক, ১১ হাজার ৩৬৬ জন স্নাতকোত্তর এবং ২৬৭ জন পিএইচডি ডিগ্রি অর্জন করেছেন।